এ কী খেলা হে সুন্দরী,
কিসের এ কৌতুক ।
দাও অপমান-দুখ,
কেন দাও অপমান-দুখ —
মোরে নিয়ে কেন, কেন এ কৌতুক
নহে নহে, এ নহে কৌতুক ।
মোর অঙ্গের স্বর্ণ-অলংকার
সঁপি দিয়া শৃঙ্খল তোমার
নিতে পারি নিজ দেহে ।
তব অপমানে মোর
অন্তরাত্মা আজি অপমান মানে ॥

---

Parjaay: Shyama, Taal: Dadra, Raag: Paraj-Ramkeli
Visit www.geetabitan.com for notation and other detail